রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, ডিসেম্বর ১৯, ২০২২**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৩ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ/ ২৮ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

নম্বর *০৪.০০.০০০০.৬১১.০৬.০০৩.২২.১৯৫*—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ‘বায়ুদূষণ নিয়ন্ত্রণ সংক্রান্ত জাতীয় কমিটি’ নিম্নরূপে গঠন করেছে :

(ক) কমিটির গঠন:

| | | |
|---|---|---|
| (১) | মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | সভাপতি |
| (২) | সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | সদস্য |
| (৪) | সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| (৫) | সচিব, জননিরাপত্তা বিভাগ | সদস্য |
| (৬) | সচিব, বিদ্যুৎ বিভাগ | সদস্য |
| (৭) | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | সদস্য |
| (৮) | সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় | সদস্য |
| (৯) | সচিব, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| (১০) | সচিব, সেতু বিভাগ | সদস্য |
| (১১) | সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | সদস্য |

| | | |
|---|---|---|
| (১২) | সচিব, স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| (১৩) | সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |
| (১৪) | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | সদস্য |
| (১৫) | মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর | সদস্য |
| (১৬) | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| (১৭) | চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ | সদস্য |
| (১৮) | চেয়ারম্যান, অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ | সদস্য |
| (১৯) | চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন | সদস্য |
| (২০) | চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ | সদস্য |
| (২১) | চেয়ারম্যান, বাংলাদেশ পারমাণবিক শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | সদস্য |
| (২২) | মহাপরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (BSTI) | সদস্য |
| (২৩) | চেয়ারম্যান, বাংলাদেশ রসায়ন শিল্প কর্পোরেশন (BCIC) | সদস্য |
| (২৪) | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | সদস্য |
| (২৫) | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | সদস্য |
| (২৬) | চেয়ারম্যান, পুরকৌশল/কেমিকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) | সদস্য |
| (২৭) | অতিরিক্ত সচিব (দূষণ নিয়ন্ত্রণ/ পরিবেশ) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য-সচিব |

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) কমিটির কর্মপরিধি:

(১) বায়ুদূষণ নিয়ন্ত্রণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সরকারকে পরামর্শ প্রদান;

(২) বায়ুদূষণ নিয়ন্ত্রণে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর, সংস্থা ও প্রতিষ্ঠানসমূহের মধ্যে সমন্বয় সাধন;

(৩) বায়ুদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২-এর অধীন বায়ুদূষণ নিয়ন্ত্রণে নির্ধারিত মানমাত্রা অর্জন ও বায়ুদূষণ নিয়ন্ত্রণে সুনির্দিষ্ট করণীয় নির্ধারণপূর্বক সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর, সংস্থা, প্রতিষ্ঠান বা ব্যক্তিকে বাস্তবায়নের নির্দেশনা প্রদান;

(৪) বায়ুদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২-এর উল্লিখিত কার্যক্রম বাস্তবায়নে সুনির্দিষ্ট করণীয় নির্ধারণপূর্বক সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর, সংস্থা, প্রতিষ্ঠান বা ব্যক্তিকে তা বাস্তবায়নের নির্দেশ প্রদান;

(৫) কোনো শহর, অঞ্চল বা নির্দিষ্ট স্থানের বায়ুদূষণের মাত্রা অত্যন্ত অস্বাস্থ্যকর (Extremely Unhealthy) পর্যায়ে উপনীত হলে উক্ত শহর, অঞ্চল বা স্থানে অবস্থিত শিল্পপ্রতিষ্ঠান বা প্রকল্প, যানবাহন বা বায়ুদূষণ সৃষ্টিকারী যে কোনো উৎসের চলাচল বা কার্যক্রমের উপর বিধি-নিষিধ আরোপ বা সীমিত করার নির্দেশনা প্রদান;

(৬) শহর, অঞ্চল বা নির্দিষ্ট স্থানের বায়ুদূষণের মাত্রা অত্যন্ত অস্বাস্থ্যকর পর্যায়ে উপনীত হলে উক্ত শহর, অঞ্চল বা স্থানে অবস্থিত স্কুল, কলেজ বা শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রাখা বা জনসাধারণের বাইরে চলাচলের উপর সতর্কতা বা বিধি-নিষেধ আরোপের বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান; এবং

(৭) প্রযোজ্য ক্ষেত্রে, বায়ুদূষণ সম্পর্কিত যে কোনো বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ, পরামর্শ বা নির্দেশনা প্রদান।

(গ) জাতীয় কমিটি তার কার্যাবলি সম্পাদনে সহায়তার জন্য প্রয়োজনে উক্ত কমিটির সদস্য এবং সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের সমন্বয়ে উপ-কমিটি গঠন করতে পারবে এবং উক্ত উপ-কমিটির মতামত গ্রহণ করতে পারবে।

(ঘ) জাতীয় কমিটি বছরে অন্যূন ২ (দুই) টি সভা করবে; তবে শর্ত থাকে যে, সভাপতি প্রয়োজনে যে কোনো সময় জাতীয় কমিটির সভা আহ্বান করতে পারবেন।

(ঙ) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সাঈদ মাহবুব খান
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ৯৫১১০৩৬
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd